49

তারিখ 25 SEP 1998
পৃষ্ঠা ১ কলাম ৭

# এইচএসসি পরীক্ষায় ছেলেদের তুলনায় মেয়েরা ভাল করেছে

**নিজস্ব প্রতিবেদক :** গত বছরের মত এবারও দেশের পাঁচটি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় মেয়েরা তুলনামূলক ভাল ফল করেছে। এবার এইচএসসি পরীক্ষায় মেয়েদের গড় পাসের হার শতকরা ৪৫ দশমিক ৮৮। অন্যদিকে ছেলেদের পাসের হার ৪৪ দশমিক ৯৩ শতাংশ। ঢাকা, রাজশাহী ও যশোর বোর্ডে ছেলেদের তুলনায় মেয়েদের পাসের হার বেশী। কুমিল্লা বোর্ডে মেয়েরা তুলনামূলক কম হারে পাস করলেও সম্মিলিত মেধা তালিকার শীর্ষ তিনটি স্থান নিজেদের দখলে রেখেছে। অবশ্য সম্মিলিত মেধা তালিকার দ্বিতীয় স্থানটি তারা যুগ্মভাবে অধিকার করে। চট্টগ্রামে ছেলেদের পাসের হার বেশী হলেও শাখাওয়ারী মেয়েদের কৃতিত্ব লক্ষণীয়। বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য

২ পৃষ্ঠার ৪-এর কঃ দেখুন

## মেয়েরা ভাল করেছে

প্রথম পৃষ্ঠার পর

শাখায় তুলনামূলকভাবে মেয়েরা বেশী হারে পাস করেছে। ঢাকা বোর্ডে মানবিক শাখায় মেয়েদের এমন প্রশংসনীয় ফলাফল সাম্প্রতিককালে দেখা যায়নি। তারা মানবিক শাখায় সম্মিলিত মেধা তালিকার প্রথম দশটি স্থানের মধ্যে আটটিতেই নিজেদের নাম লিখিয়েছে। তারা প্রথম, দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ স্থান অধিকার করেছে। মানবিক শাখায় একক ও যুগ্মভাবে সম্মিলিত মেধা তালিকায় মেয়েরা ১৬টি স্থান দখল করলেও বিজ্ঞান ও বাণিজ্য শাখায় যথাক্রমে ছয়জন ও চারজন মেধা তালিকাভুক্ত হয়েছে। চট্টগ্রাম বোর্ডে মানবিক শাখায় সম্মিলিত মেধা তালিকার শীর্ষ তিনটি স্থানসহ একক ও যুগ্মভাবে ১৮টি স্থানে রয়েছে মেয়েরা। বাণিজ্য শাখায় প্রথম ২০ জনের মেধা তালিকার মধ্যে ১৬ জনই মেয়ে। রাজশাহী বোর্ডে বাণিজ্য শাখায় যুগ্মভাবে প্রথম স্থান অধিকার করেছে দু'জন মেয়ে। এ বোর্ডে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখার সম্মিলিত মেধা তালিকায় মেয়েদের সংখ্যা হচ্ছে যথাক্রমে চারজন, ১৪ জন ও সাতজন। যশোর বোর্ডে মানবিক শাখায় প্রথম স্থানটি মেয়েদেরই দখলে। এ বোর্ডে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্যের সম্মিলিত মেধা তালিকায় মেয়েরা স্থান পেয়েছে যথাক্রমে পাঁচজন, আটজন ও পাঁচজন।

প্রকাশিত ফলে দেখা যায়, ঢাকা বোর্ডে বিজ্ঞান শাখায় ছেলে ও মেয়েদের পাসের হার যথাক্রমে ৬০ দশমিক ৪৫ ও ৬৯ দশমিক ১১ শতাংশ। মানবিক ও বাণিজ্য শাখায় মেয়েরা পাস করেছে যথাক্রমে ৪০ দশমিক শূন্য চার ও ৫৮ দশমিক ৭১ শতাংশ। ছেলেদের পাসের হার মানবিক শাখায় ৩৩ দশমিক ৮৮ শতাংশ ও বাণিজ্যে ৪৪ দশমিক ৩৩ শতাংশ। যশোর বোর্ডে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্যে মেয়েরা পাস করেছে যথাক্রমে শতকরা ৬৫ দশমিক ৪০, ৩৮ দশমিক ৩৬ ও ৫৩ দশমিক ৫৪। যশোর বোর্ডে এ তিন শাখায় ছেলেদের পাসের হার যথাক্রমে ৫৯ দশমিক শূন্য দুই, ৩২ দশমিক ১৫ ও ৪৩ দশমিক ২১ শতাংশ। রাজশাহী বোর্ডে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখায় ছেলেরা পাস করেছে যথাক্রমে শতকরা ৬২ দশমিক ৯৭, ৪৫ দশমিক ৩০ ও ৫২ দশমিক ৪৮ হারে। মেয়েদের পাসের হার, বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখায় যথাক্রমে ৬৮ দশমিক ৬০, ৫২ দশমিক ৩৩ ও ৬২ দশমিক ১৫ শতাংশ। কুমিল্লা বোর্ডে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখায় এবার পাসের হার ছেলেদের যথাক্রমে ৬৬ দশমিক ২১, ৪৪ দশমিক ৬৩ ও ৫৫ দশমিক ৫০ শতাংশ এবং মেয়েদের যথাক্রমে ৬৫ দশমিক ৩০, ৪৬ দশমিক ৪২ ও ৬৬ দশমিক ৩৮ শতাংশ। চট্টগ্রাম বোর্ডে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখায় মেয়েরা পাস করেছে যথাক্রমে ৬২ দশমিক ৫৬, ৩১ দশমিক ৫১ ও ৫৬ দশমিক ৮৭ শতাংশ। অপরদিকে এই তিন শাখায় ছেলেদের পাসের হার যথাক্রমে শতকরা ৫৭ দশমিক ৪৩, ২৯ দশমিক ৫৪ ও ৩৮ দশমিক তিন শূন্য ভাগ।